

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০০৭.০২.০০.০১০.২০১৮-১৫৮

তারিখ: ১৬-০৮-২০২০ খ্রি:

বিষয়: কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্প, কুষ্টিয়া এর ২০২০-২০২১ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর প্রশাসনিক অনুমোদন


সূত্র: নং স্বাঃঅঃ/পঃ ও গবেঃ/কুষ্টিঃ মেঃ কঃ হাসঃ/১৩০/(অংশ-১)/২০১৯/৬৩৯ তারিখঃ ০৫-০৮-২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক, কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্প, কুষ্টিয়া এর প্রস্তাব মোতাবেক উক্ত প্রকল্পের ২০২০-২০২১ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের ৭(সাত)টি প্যাকেজের বিপরীতে ৩৩৭৬.০৬ লক্ষ (তেরিশ কোটি ছিয়াত্তর লক্ষ ছয় হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) বর্ণিত আইটেমসমূহ ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) প্রস্তাবিত প্যাকেজের পণ্য ক্রয় প্রক্রিয়ায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ন্যাশনাল/ইন্টারন্যাশনাল) অনুসরণ করতে হবে; তবে প্যাকেজ নং-জিডিটি-২ এর গাড়ি ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি ৭৪-৭৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং গাড়ি উৎপাদন ও সংযোজন করে এমন সরকারি প্রতিষ্ঠান হতে ক্রয় করতে হবে;
- (গ) প্রকিউরমেন্ট প্ল্যান Supply Chain Management Portal (SCMP)-এ দাখিল করতে হবে;
- (ঘ) বর্ণিত আইটেমসমূহের ক্রয় মূল্য/চুক্তি মূল্য বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে প্রণয়ন করতে হবে; চুক্তি মূল্য কোনক্রমেই অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত মূল্য অতিক্রম করা যাবে না;
- (ঙ) প্রস্তাবিত যন্ত্রপাতি ডিপিপি'তে অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করতে হবে;
- (চ) অর্থ বিভাগের আদেশের সকল শর্ত প্রতিপালন করতে হবে;
- (ছ) গাড়ি ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করতে হবে;
- (জ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক
কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল
স্থাপন প্রকল্প
কুষ্টিয়া

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। ☒ সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০৮.০০.০০১.২০১৩-১৫৯

তারিখ: ১৬-০৮-২০২০ খ্রি:

বিষয়: টিবিএল এন্ড এএসপি ওপির ২০২০-২০২১ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর প্রশাসনিক অনুমোদন প্রদান

সূত্র: স্মারক নং-হিসাব/স্বাঃঅধিঃ/এইচপিএনএসপি/টিবি-লেপ/অর্থ বরাদ্দ/০১/২০২০-২০২১/১৫১০, তাং-৩০-০৭-২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, টিবিএল এন্ড এএসপি এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০২০-২০২১ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের টিবি কম্পোনেন্ট এর ২৫টি আইটেমের বিপরীতে ১১৮৫৭.৯৯ লক্ষ (একশত আঠার কোটি সাতান্ন লক্ষ নিরানব্বই হাজার) টাকা এবং এএসপি কম্পোনেন্ট এর ৩টি প্যাকেজের বিপরীতে ২২০৭.৫০ লক্ষ (বাইশ কোটি সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকাসহ মোট (১১৮৫৭.৯৯+২২০৭.৫০)=১৪০৬৫.৪৯ লক্ষ (একশত চল্লিশ কোটি পঁয়ষাট লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধি-বিধান মতামতভাবে পালন করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজসমূহের ক্ষেত্রে OTM (Open Tendering Method-National/ International) অনুসরণ করতে হবে; এবং প্রকিউরমেন্ট প্ল্যান Supply Chain Management Portal (SCMP)- এ দাখিল করতে হবে;
- (গ) প্যাকেজ নং GDTBMV 01 ও GDTBMV 02 এ গাড়ি এবং EDCL হতে ঔষধ ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি ৭৪ হতে ৭৬ মতামতভাবে অনুসরণ করতে হবে এবং সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানা হতে পণ্য ক্রয় করতে হবে;
- (ঘ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঙ) ঔষধ ক্রয়ের ক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মূল্য অনুসরণ করতে হবে;
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;

(হাসান মাহমুদ)

উপসচিব

ফোন: ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
টিবিএল এন্ড এএসপি
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ -
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০৩.০০.০০১.২০১৩-১৬০

তারিখ: ১৬-০৮-২০২০ খ্রি:

বিষয়: এমএনসিএন্ডএইচ ওপি২ ২০২০-২০২১ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-স্বাঃঅধিঃ/এমএনসিএন্ডএইচ/ইপিআই/প্রশাসন-৩৮৪/২০২০/৯৮২, তাং-৩০-০৭-২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি২ ২০২০-২০২১ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৫টি কম্পোনেন্ট এর সমন্বয়ে প্রণীত ২৬১৮.৫৮ (ছাব্বিশ কোটি আঠার লক্ষ আটান্ন হাজার) লক্ষ টাকা এবং ইউনিসেফের মাধ্যমে বুটিন ইপিআই ভ্যাকসিন বাবদ ২৭৫৭৭.৬৮ (দুইশত পঁচাত্তর কোটি সাতাত্তর লক্ষ আটষট্টি হাজার) লক্ষ টাকাসহ মোট (২৬১৮.৫৮+২৭৫৭৭.৬৮) = ৩০১৯৬.২৬ লক্ষ (তিনশত এক কোটি ছিয়ানব্বই লক্ষ ছাব্বিশ হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) ডিপিএম পদ্ধতিতে ক্রয়ে পিপিআর ২০০৮ এর বিধি ৭৪-৭৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং প্রকিউরমেন্ট প্ল্যান Supply Chain Management Portal (SCMP)- এ দাখিল করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঙ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
এমএনসিএন্ডএইচ
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। ✓ সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।